

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
সলিসিটর অনুবিভাগ (জিপি/পিপি শাখা)  
বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।

নং সলিসিটর/জিপি-পিপি (লক্ষ্মীপুর)-২২/২০০৯-৯৫

তারিখ: ১৮/০৭/২০২৪ খ্রি.

প্রেরক: মোঃ আব্দুছ ছালাম মন্ডল  
সিনিয়র সহকারী সচিব (জিপি/পিপি)।


প্রাপক: জেলা ম্যাজিস্ট্রেট, লক্ষ্মীপুর।

বিষয়: লক্ষ্মীপুর জেলা'র জেলা ও দায়রা জজ আদালতে পাবলিক প্রসিকিউটর পদে নিয়োগ প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, লক্ষ্মীপুর জেলা'র জেলা ও দায়রা জজ আদালতে পাবলিক প্রসিকিউটর পদে নিম্নলিখিত আইনজীবীর পেশাগত দক্ষতা, অভিজ্ঞতা ও সততা সম্পর্কে লক্ষ্মীপুর জেলা'র জেলা ও দায়রা জজ ও জেলা ম্যাজিস্ট্রেট-এর প্রতিবেদন না পাওয়া পর্যন্ত তাঁর নামের বিপরীতে উল্লিখিত পদে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ৪৯২ ধারায় এবং এলআর ম্যানুয়েল, ১৯৬০ এর ২নং অধ্যায়ের ২৭ (১৭) বিধিতে প্রদত্ত ক্ষমতাবলে তাঁকে সাময়িকভাবে নিয়োগ প্রদান করা হলো এবং একইসঙ্গে এ অনুবিভাগের গত ১২/০৪/২০০৯ তারিখের সলিসিটর/জিপি-পিপি(লক্ষ্মীপুর)২২/২০০৯-৩৫ নং স্মারকে পাবলিক প্রসিকিউটর পদে জনাব মোঃ জসীম উদ্দিন-এর নিয়োগ আদেশটুকু বাতিল করা হলো:

ক্রমিক	নাম ও পিতার নাম	পদবি	আইনজীবী হিসেবে যোগদানের তারিখ
০১	জনাব জহির উদ্দিন মোঃ বাবর পিতা-মৃত মোঃ নুরুল হক	পাবলিক প্রসিকিউটর জেলা ও দায়রা জজ আদালত, লক্ষ্মীপুর	২১/১২/২০০৯ খ্রি.

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


  
(মোঃ আব্দুছ ছালাম মন্ডল)  
সিনিয়র সহকারী সচিব (জিপি/পিপি)  
ফোন-৫৫১১০৩৯২।

নং সলিসিটর/জিপি-পিপি (লক্ষ্মীপুর)-২২/২০০৯-৯৫

তারিখ: ১৮/০৭/২০২৪ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা ও দায়রা জজ, লক্ষ্মীপুর।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। জনাব জহির উদ্দিন মোঃ বাবর, পাবলিক প্রসিকিউটর, জেলা ও দায়রা জজ আদালত, লক্ষ্মীপুর।
- ৫। জনাব মোঃ জসীম উদ্দিন, পাবলিক প্রসিকিউটর (সাবেক), জেলা ও দায়রা জজ আদালত, লক্ষ্মীপুর (তাঁকে মামলার সকল সিডি ও নথি নব নিযুক্ত পাবলিক প্রসিকিউটর-কে বুঝিয়ে দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ৬। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, লক্ষ্মীপুর।
- ৭। সলিসিটর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সলিসিটর অনুবিভাগ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
- ৮। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। অফিস কপি।

  
(মোঃ আব্দুছ ছালাম মন্ডল)  
সিনিয়র সহকারী সচিব (জিপি/পিপি)